তারিখ ... 11 APR 2017 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ২ ...

সংবাদ

## শিক্ষা ব্যবস্থার বেহাল দশা

প্রধানমন্ত্রী দেশের সন্তানের সকল কাজের জন্য প্রস্তুত। একথা শুনে প্রধানমন্ত্রী শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়েছে। কারণ প্রাথমিক বিদ্যালয়ের সমাপনী পরীক্ষা দেশে ক্ষতি বয়ে আনে এতে ৫% অকৃতকার্য হয়। জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা ৫% অকৃতকার্য হয়। এতে উপকার চেয়ে ক্ষতিই বেশি হয়। ১০% ছাত্রছাত্রী মাধ্যমিক পরীক্ষা থেকে বঞ্চিত। পরিসংখ্যান অনুযায়ী শত করা ৮০% ছাত্রছাত্রী উচ্চ মাধ্যমিক পাস করে কর্মমুখী শিক্ষা না থাকায় লেখাপড়া থেকে বঞ্চিত। তাদের অনেকেই বিপথগামী হয়। শিক্ষার জন্য উপবৃত্তি বাতিল করে মিড-ডে মিল চালু করায় শিক্ষা মন্ত্রণালয়কে ধন্যবাদ জানাই। ঝরেপড়া রোধ করতে হবে। প্রাথমিক সমাপনী পরীক্ষা বাতিল করা প্রয়োজন এবং জুনিয়ার সার্টিফিকেটসহ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বাতিল করে উচ্চ মাধ্যমিক পরীক্ষাটি বোর্ড পরীক্ষা রাখা হউক। শিক্ষামন্ত্রীর শুভবুদ্ধির উদয় হউক। চীন ও ভারতের পশ্চিমবঙ্গে মাধ্যমিক বোর্ড পরীক্ষা নেই। কিন্তু ভারতে গুজরাট রাষ্ট্রে মাধ্যমিক বোর্ড পরীক্ষা রয়েছে। এখানে দেখা গেল ৭০ বছর বয়সে পর্যন্ত মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে না তিনি হলেন বিজিবি নেতা তার মার বয়স একশত এক বছর। দেশে যদি পশ্চিমবঙ্গের মতো বা চীনের মতো শিক্ষা ব্যবস্থা হতো তা হলে ভালো হতো।

প্রায় ১০০টি বেসরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে এগুলোর কর্মমুখী শিক্ষা চালু রয়েছে। সকল শিক্ষা ব্যবস্থাগুলো শিক্ষা মন্ত্রণালয়ের অধীন থাকা দরকার কিন্তু মেডিক্যাল কলেজগুলো স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন থাকায় দেশে ১০টি বেসরকারি মেডিক্যাল কলেজ এ বৎসর ভর্তি পরীক্ষা ও বন্ধ করে দিয়েছে, যা দেশের সন্তানের জন্য দুঃখ বয়ে আনে।

পীরগঞ্জ ও রংপুরবাসীর দাবি ২০১৬-১৭ সেশনে নর্দান বেসরকারি মেডিক্যাল কলেজের রংপুরের ছাত্রছাত্রী ভর্তি করা হউক। বেসরকারি বিশ্ব বিদ্যালয়ের ন্যায় বেসরকারি মেডিক্যাল কলেজগুলোতে ভর্তি করা হউক। ৫০% কোটা বাতিল করা হউক। বে-সরকারি বিশ্ববিদ্যালয়ের ন্যায় বে-সরকারি মেডিক্যাল কলেজে ভর্তি করার ব্যবস্থা করা হউক। চীনে ২০০ (দুই হাজার) ও বেশি বেসরকারি মেডিক্যাল কলেজ রয়েছে। সেখানে কঠোর শিক্ষার স্বাস্থ্য নীতি নেই।

রংপুর নর্দান বে-সরকারি মেডিক্যাল কলেজ সহ ১০টি বে-সরকারি মেডিক্যাল এ বৎসর ভর্তি বন্ধ করায় স্থানীয় শিক্ষার্থীদের ভর্তি না করায় প্রায় ১৫০০ শত ছাত্র-ছাত্রী মেডিক্যাল কলেজে পড়া শুনা থেকে বঞ্চিত। মুক্তি যোদ্ধা সংখ্যালঘু ও উপজাতির সন্তানদের দাবি উঠেছে এ সব মেডিক্যাল কলেজে ছাত্র ছাত্রী ভর্তি করা না হলে তাদের নিবন্ধন বাতিল করা হউক। এ ব্যাপারে স্বাস্থ্য মন্ত্রীর শুভ দৃষ্টি কামনা করছি।

রোকসানা হায়দার
পীরগঞ্জ, রংপুর।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.......................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর